**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 17-02-2026** **Time: 7.50 PM**

---

## বিশেষ বিশেষ খবর –

১) নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার, এসআইআর-এর কাজে যুক্ত চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে।

রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতে উত্তর ২৪ পরগণার তিন মাইক্রো অবজারভারকেও সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

২) কর্তব্যে গাফিলতির অভিযোগে সাত আধিকারিককে সাসপেন্ড করার আগে তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যে দাবি করেছেন, বিজেপি তার সমালোচনা করেছে।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি রাজ্যে পরিবর্তন যাত্রার আয়োজন করছে।

৪) বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ একদিনের সফরে আগামীকাল এরাজ্য আসছেন।

৫) প্রশাসনিক কাজের সুবিধার্থে রাজ্য সরকার নব নিযুক্ত WBCS এক্সিকিউটিভ আধিরিকদের পদোন্নতির ক্ষেত্রে নতুন নিয়ম তৈরি করেছে।

৬) কল্যানীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে বাংলার বিরুদ্ধে জম্মু ও কাশ্মীর জয়ের সম্ভাবনা তৈরি করেছে।

-----------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে রাজ্য সরকার, এসআইআর-এর কাজে যুক্ত চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। এরা হলেন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের ERO দেবোত্তম দত্ত চৌধুরী, AERO তথাগত মন্ডল এবং পূর্ব মেদিনীপুরের ময়নার ERO বিপ্লব সরকার ও AERO সুদীপ্ত দাস।

এর আগে গত শুক্রবার রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে নতুন দিল্লীর নির্বাচন সদনে তলব কোরে কমিশন, আজ বিকেল পাঁচটার মধ্যে ঐ চার আধিকারিকের বিরুদ্ধে এফআইআর দায়েরের সময়সীমা বেঁধে দেয়। এরপরই রাজ্য সরকারের এই পদক্ষেপ।

উল্লেখ্য, ভোটার তালিকায় কারচুপির অভিযোগে গত বছর আগস্ট মাসে নির্বাচন কমিশন, ঐ চার আধিকারিককে সাসপেন্ড এবং তাদের বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ দেয়। একইসঙ্গে এই কাজে জড়িত থাকার অভিযোগে অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর, সুরজিত্ হালদারের নামেও এফআইআর দায়েরের কথা বলা হয়। সেই নির্দেশের প্রেক্ষিতে সরকার চার আধিকারিককে সাসপেন্ড করে এবং সুরজিত্-কে তার কাজ থেকে অব্যাহতি দেওয়া হয়। এবছর জানুয়ারি মাসে নির্বাচন কমিশন পুনরায় দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুরের জেলাশাসককে ঐ আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়েরের নির্দেশ দিলেও তা অগ্রাহ্য করা হয়। তারপরই নির্বাচন কমিশন মুখ্য সচিবকে জরুরী তলব করে দিল্লীতে ডেকে পাঠায় এবং এব্যাপারে তাদের কড়া মনোভাব স্পষ্ট জানিয়ে দেয়।

-------------------

রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতে এসআইআর-এর কাজে যুক্ত উত্তর ২৪ পরগণার তিন মাইক্রো অবজারভারকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। দায়িত্বে গাফিলতি এবং কাজের অনিয়মের অভিযোগেই এই পদক্ষেপ। এরা হলেন বঙ্গীয় গ্রামীন বিকাশ ব্যাঙ্কের ম্যানেজার,ইউকো ব্যাঙ্ক-এর সিনিয়র ম্যানেজার, এবং সেন্ট্রাল ট্যাক্স জিএসটি অ্যান্ড সিএক্স-এর ইন্সপেক্টর।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জানানো হয়েছে, নির্বাচন কমিশন নিযুক্ত ডিস্ট্রিক্ট ইলেক্টোরাল রোল অবজারভারদের রিপোর্টের ভিত্তিতেই এই সিদ্ধান্ত। বিকেলেই ওই তিন মাইক্রো অবজারভারকে সাসপেন্ড করা হয়েছে।

একই সঙ্গে নির্বাচন কমিশনের অধীনে, দায়িত্বে থাকা ইলেক্টোরাল রোল মাইক্রো অবজারভারদের সতর্কবার্তা দেওয়া হয়েছে। কমিশনের নির্দেশ, দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের নিজ নিজ কাজ নিষ্ঠার সঙ্গে করতে হবে এবং কোনওভাবেই অন্য কারও কাছে কাজ আউটসোর্স বা হস্তান্তর করা যাবে না। নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও জানানো হয়েছে।

-------------------

কর্তব্যে গাফিলতির অভিযোগে এসআইআর-এর কাজের সঙ্গে যুক্ত রাজ্যের সাত আধিকারিককে সাসপেন্ড করার আগে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়নি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, সম্পূর্ণ প্রতিশোধমূলক মানসিকতা থেকেই নির্বাচন কমিশনের এই সিদ্ধান্ত। রাজ্য সরকার সবরকম ভাবে সাসপেন্ড হওয়া আধিকারিকদের পাশে থাকবে এবং ভোটের বাইরে অন্য কাজে তাদের ব্যবহার করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের সমালোচনা করেছেন রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিত্ সরকার। অনেক আগেই নির্বাচন কমিশেনর এই পদক্ষেপ করা উচিত ছিল বলে তাঁর অভিমত।

বাইট দেবজিত

-------------------

আসন্ন বিধানসভা নির্বাচন এবং ভোটার তালিকার বিশেষ সংশোধন প্রক্রিয়া খতিয়ে দেখতে আজ রাজ্যে এসে পৌঁছেছেন নির্বাচন কমিশনের সদ্য নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভার NK মিশ্র। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে আজই জরুরি বৈঠকে বসছেন তিনি। ভোটার তালিকার নিবিড় পরিমার্জন, প্রশাসনিক প্রস্তুতি এবং সংশ্লিষ্ট বিভিন্ন প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতেই এই বৈঠক বলে কমিশন সূত্রে খবর।

উল্লেখ্য, ১৯৮৮-র ব্যাচের অবসরপ্রাপ্ত IPS আধিকারিক এন কে মিশ্রকে নির্বাচন কমিশন, স্পেশাল রোল অবজ়ার্ভার হিসেবে নিয়োগ করেছে।

-------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি রাজ্যে পরিবর্তন যাত্রার আয়োজন করছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, পয়লা মার্চ থেকে এই যাত্রা শুরু হবে।

বাইট শমীক

যাত্রার উদ্বোধনের সময়ে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, বিজেপি নেতা জগৎ প্রকাশ নাড্ডা, অমিত শাহ, রাজনাথ সিং প্রমুখ উপস্থির থাকবেন। মার্চ মাসের শেষে ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার মধ্যে দিয়ে এই পরিবর্তন যাত্রা শেষ

হবে। সমাজের সর্বস্তরের মানুষকে এই পরিবর্তন যাত্রায় যোগদানের আহ্বান জানিয়েছেন শ্রী ভট্টাচার্য।

------------------

রাজ্যে এসআইআর প্রক্রিয়া বন্ধ করে দেওয়া হলেও তৃণমূল কংগ্রেস আসন্ন বিধানসভা নির্বাচনে ক্ষমতা থেকে অপসারিত হবে বলে দাবি করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, ভোটের সময় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন না হলেও তৃণমূলের পরাজয় অবশ্যম্ভাবী।

(বাইট- শমীক)

সমাজ সেবামূলক ও দেশের কাজে যুক্ত চার বিশিষ্ট ব্যক্তি বিজেপিতে যোগ দেন। এরা হলেন প্রাক্তন এনএসজি কর্তা দীপাঞ্জন চক্রবর্তী, অবসরপ্রাপ্ত সিআরপিএফ কর্মী বিপ্লব বিশ্বাস, রাজ্যের প্রাক্তন মন্ত্রী ক্ষিতি গোস্বামীর কন্যা, আইনজীবী কস্তুরী গোস্বামী এবং আরএসএস কর্মী অক্ষয় বিঞ্জরাজকা। তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন শমীকবাবু।

বিজেপির তরফে 'আঁধারের কথকতা' শীর্ষক একটি বইও প্রকাশ করা হয়। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি, তৃণমূল কংগ্রেসের দুর্নীতি, হিংসা এবং প্রশাসনিক ব্যর্থতা সংক্রান্ত বিভিন্ন তথ্য এখানে তুলে ধরা হয়েছে বলে বিরোধী দলনেতা জানান।

------------------

হুমায়ুন কবির, বাংলাদেশের জামাত গোষ্ঠী ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মধ্যে সংযোগ সেতুর কাজ করছে বলে দাবি করেছে রাজ্য বিজেপি। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, পৃথক রাজনৈতিক দল গঠন ও মুর্শিদাবাদে নতুন একটি মসজিদের শিলান্যাসের আগে হুমায়ুন কবির বেশ

কিছুদিন বাংলাদেশে ছিলেন। ঐ ধর্মীয় উপাসানা স্থল তৈরির অর্থ বাংলাদেশ থেকে এসেছে বলে দাবি করেছেন বিরোধী দলনেতা।

বাইট শুভেন্দু

-------------------

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ একদিনের সফরে আগামীকাল এ রাজ্যে আসছেন। দুপুরে কলকাতা পৌঁছে ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের ১৫২ তম জন্মবির্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে নদীয়ার মায়াপুরে যাবেন তিনি। ইস্কন মন্দিরে বৈদিক গুরুকুলের ছাত্ররা মন্ত্রোচ্চারণের মাধ্যমে শ্রী শাহকে স্বাগত জানাবে। জয়পতাকা স্বামী মহারাজের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাঁর। মন্দির চত্বরে আয়োজিত এক জনসভায় বক্তব্য রাখবেন শ্রী শাহ। তবে এই সফরে আপাতত কোনও রাজনৈতিক কর্মসূচী নেই বলে জানা গেছে।

-------------------

প্রশাসনিক কাজের সুবিধার্থে রাজ্য সরকার, নবনিযুক্ত ডব্লু বি সি এস এগজিকিউটিভ আধিকারিকদের পদোন্নতির ক্ষেত্রে নতুন নিয়ম তৈরি করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়েছে। পরে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, এখন থেকে ডব্লুবিসিএস এগজিকিউটিভ আধিকারিকরা কাজে যোগ দিয়ে দুবছর প্রবেশনে থাকার পর, তিন বছর বিডিও হিসেবে কাজ করবেন। এরপর সরাসরি মহকুমা শাসক পদে উন্নীত হওয়ার সুযোগ পাবেন।

আজকের বৈঠকে রাজ্য সরকারের ন'টি সার্ভিসে বিভিন্ন বেতনকাঠামোয় কুড়ি শতাংশ অতিরিক্ত পদ তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে জানিয়েছেন।

অন্যদিকে, রাজ্য সরকারের অন্যান্য দপ্তরে সব ক্যাডারদের পদোন্নতির বিষয়ে সিদ্ধান্ত নিতে বিভিন্ন দপ্তরের প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি তৈরি করা হয়েছে। সবকিছু খতিয়ে দেখে কমিটি রিপোর্ট দেওয়ার পরে তা নিয়ে বিবেচনা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। এছাড়াও আজকের বৈঠকে বেশ কিছু শিল্প সংস্থাকে জমি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

-------------------

১৯৯৪ ব্যাচের আইপিএস আধিকারিক কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার তথা রাজ্য পুলিশের বর্তমান এডিজি আইন-শৃঙ্খলা বিনীত গোয়েলকে ডিরেক্টর জেনারেল অব পুলিশ (ডিজিপি) পদে উন্নীত করা হয়েছে। একই সঙ্গে তাঁকে ডিজিপি, এসিবি-র অতিরিক্ত দায়িত্বও দেওয়া হয়েছে। এই পদোন্নতি ১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে কার্যকর হয়েছে বলে স্বরাষ্ট্র দপ্তরের বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। একই সঙ্গে, ১৯৯৪ ব্যাচেরই আইপিএস আধিকারিক নীরজ কুমার সিংকেও , ডিজিপি র‍্যাঙ্কে উন্নীত করা হয়েছে। তিনি ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের চেয়ারম্যান পদে এডিজি র‍্যাঙ্কে কর্মরত ছিলেন। তাঁকে পদোন্নতি দিয়েও একই পদে নিয়োগ করা হয়েছে।

-------------------

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের মামলায় পুলিশ কর্মী অনুপ দত্তকে গ্রেফতারের আবেদন জানিয়ে শিয়ালদহ আদালতের দ্বারস্থ হয়েছেন

"অভয়ার" বাবা-মা। একইসঙ্গে ঘটনার তদন্তে সিবিআই-এর ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন তারা। তাদের দাবি, অনুপ দত্তকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের প্রয়োজন রয়েছে। মামলার তদন্তে যে সমস্ত পলিগ্রাফ টেস্ট করা হয়েছিল, তা নিয়েও সন্দেহ প্রকাশ করেছেন নির্যাতিতার বাবা-মা। আগামী ১৯ শে ফেব্রুয়ারি শিয়ালাদা এসিজেএম আদালতে এই মামলার শুনানি।

-------------------

এসআইআর সংক্রান্ত নথি দেওয়ার নাম করে ডেকে নিয়ে গিয়ে খুন হওয়া উত্তর ২৪ পরগণার বাদুড়িয়ায় নাসির আলির স্ত্রী বিউটি খাতুন বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন। তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। গত ৯ তারিখ নাসির আলিকে টুকরো টুকরো করে খুন করা হয় বলে অভিযোগ। এই ঘটনায় বিএলও রিজওয়ান হাসান মন্ডল-সহ মোট তিন জনকে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্ত রিজওয়ানের সঙ্গে বিউটি খাতুনের অবৈধ সম্পর্ক ছিল বলে সন্দেহ পুলিশের। সেই সম্পর্ক নিয়ে কয়েক মাস আগে নাসির ও রিজওয়ানের মধ্যে বিবাদও হয়েছিল। তদন্তকারীদের প্রাথমিক অনুমান, সেই বিবাদের জেরেই মিথ্যা ফোন করে ডেকে এনে নাসিরকে খুন করা হয়। ঘটনার পর থেকেই মানসিকভাবে ভেঙে পড়েছিলেন বিউটি খাতুন। পরিবার সূত্রে জানা গিয়েছে, গতকালও তিনি কীটনাশক খেয়ে আত্মহত্যার চেষ্টা করেছিলেন। পরিবারের তৎপরতায় তখন বড় দুর্ঘটনা এড়ানো যায়। কিন্তু মঙ্গলবার বিকেলে আবারও চাষের জমিতে দেওয়া কীটনাশক খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন তিনি। বিষয়টি বুঝতে পেরে পরিবারের লোকজন তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে যান। খবর পেয়ে বাদুড়িয়া থানার পুলিশ বিউটি খাতুনের বাড়িতে গিয়েছে। পুরো ঘটনার দিকে নজর রেখে তদন্ত চালানো হচ্ছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

এই খুনের ঘটনায় এপর্যন্ত ৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

-------------------

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিজ্ঞান বিভাগের প্রধান প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-------------------

কল্যানীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের সেমিফাইনালে বাংলার বিরুদ্ধে জম্মু ও কাশ্মীর জয়ের সম্ভাবনা তৈরি করেছে। আজ তৃতীয় দিনের সকালে মধ্যাহ্নভোজের বিরতির আগে জম্মু ও কাশ্মীর এর প্রথম ইনিংস ৩০২ রানে শেষ হয়। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বাংলা শুরু থেকেই ব্যাটিং বিপর্যয়ের সম্মুখীন হয়। চা পানের বিরতির পর বাংলা মাত্র ৯৯ রানে অলআউট হয়ে যায়। ম্যাচ জয়ের জন্য ১২৬ রানের লক্ষ্যে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে জম্মু ও কাশ্মীর দিনের শেষে ২ উইকেটে ৪৩ রান করেছে। শুভম পান্দির ২৩, ভনশাজ শর্মা ৯ রানে অপরাজিত আছেন। আকাশ দীপ উইকেট দুটি নিয়েছেন।

উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে ৩২৮ রান করেছিলো।

------------------ -------------------